

প্রিয় পরিবার,

আপনার 2019 সালে জন্মগ্রহণকারী কোনও সন্তান আছে কি? **14 এপ্রিল, 2022**-এর মধ্যে 3-K-তে আবেদন করতে ভুলবেন না! আপনি অনলাইনে [MySchools.nyc](http://MySchools.nyc) -এ, ফোনে **718-935-2009** নম্বরে, অথবা একটি [ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের](#) মাধ্যমে আবেদন করতে পারেন।

আপনি জানেন কি, NYC- 3-K প্রোগ্রামগুলো **চারটি ভিন্ন ভিন্ন প্রোগ্রাম বিন্যাস বা সেটিংয়ে** অফার করা হয়? সবগুলো বিন্যাস বা সেটিং আমাদের সিটির তিনটি বছর বয়সী ছেলেমেয়েদের পূর্ণদিবসের, উচ্চ-মানসম্পন্ন 3-K পাঠ্যক্রম অফার করে। আপনি সবগুলো বিন্যাস বা সেটিং-এর প্রোগ্রামে আবেদন করতে পারেন:

- **নিউ ইয়র্ক সিটি আর্লি এডুকেশন সেন্টারসমূহ (NYCEECs)**। আর্লি চাইল্ডহুড অভিজ্ঞতাসহ এই কমিউনিটি ভিত্তিক সংগঠনগুলো 3-K অফার করার জন্য ডিপার্টমেন্ট অভ এডুকেশনের (DOE) সাথে অংশীদারিত্ব করে।
- **ডিস্ট্রিক্ট স্কুলসমূহ**। কিছু DOE পাবলিক এলিমেন্টারি স্কুল 3-K অফার করে।
- **প্রি-K সেন্টারসমূহ**। এগুলো হচ্ছে DOE-এর আর্লি চাইল্ডহুড সেন্টারসমূহ যেগুলো শুধুমাত্র কিন্ডারগার্টেন পূর্ববর্তী হেডসমূহ অফার করে।
- **ফ্যামিলি চাইল্ড কেয়ার**। এই প্রোগ্রামসমূহ লাইসেন্সপ্রাপ্ত, যোগ্য চাইল্ড কেয়ার প্রদানকারীদের দ্বারা একটি বাড়ি-ভিত্তিক বিন্যাস বা সেটিংয়ে 3-K অফার করে।

একটি 3-K প্রোগ্রাম সর্বোচ্চ **তিন ধরনের 3-K আসন** অফার করতে পারে:

- **পূর্ণ দিবসের আসনসমূহ** বিনামূল্যে প্রদত্ত এবং স্কুল বছরব্যাপী, সাধারণত সেপ্টেম্বর থেকে জুন পর্যন্ত, প্রতিদিন 6 ঘণ্টা এবং 6 ঘণ্টা 20 মিনিট আর্লি কেয়ার তথা শৈশবকালীন সেবা ও শিক্ষা প্রদান করে। 2019 সালে জন্মগ্রহণকারী NYC-র সকল ছেলেমেয়ে এসব আসনের জন্য যোগ্য।
- **দীর্ঘায়িত দিবস এবং বছরের আসনসমূহ** বিনামূল্যের কিংবা স্বল্পমূল্যের এবং পুরো বছর জুড়ে প্রতিদিন 10 ঘণ্টা পর্যন্ত আর্লি কেয়ার তথা শৈশবকালীন সেবা ও শিক্ষা প্রদান করে। এই আসনসমূহের জন্য পরিবারের আয় এবং চাহিদার ভিত্তিতে যোগ্যতা নির্ধারিত হয়। আপনি যদি দীর্ঘায়িত দিবস এবং বছরের আসনে কোনও অফার পান, তবে আপনাকে একটি চাইল্ড কেয়ার আবেদনপত্র পূরণ করে আপনার সন্তানের যোগ্যতা নিশ্চিত করতে হবে।
- **হেড স্টার্ট আসনসমূহ** বিনামূল্যে প্রদত্ত এবং পুরো বছর জুড়ে প্রতিদিন 10 ঘণ্টা পর্যন্ত আর্লি কেয়ার বা শৈশবকালীন সেবা ও শিক্ষা প্রদান করে। পরিবারের আয় এবং চাহিদার ভিত্তিতে হেড স্টার্ট-এ যোগ্যতা নির্ধারিত হয়। আপনি একটি হেড স্টার্ট আসনের অফার পেয়ে থাকলে প্রোগ্রামে আপনার সন্তানের অংশগ্রহণের যোগ্যতা নিশ্চিত করতে সরাসরি আপনার সাথে কাজ করবে।

আসন সংখ্যা সীমিত এবং আবেদনকারীদের তাদের নিজস্ব ডিস্ট্রিক্ট-এর 3-K প্রোগ্রামসমূহে ভর্তি হবার অগ্রাধিকার আছে। আরও জানুন [nyc.gov/3K](http://nyc.gov/3K)-সাইটে।

আপনার [মাইস্কুলস](#) অ্যাকাউন্টে, অনুসন্ধানযোগ্য ডিরেক্টরি ব্যবহার করে দ্বিভাষী (ডুয়াল ল্যাঙ্গুয়েজ) প্রোগ্রাম সহ, বিন্যাস বা সেটিং, আসনের ধরন, এবং অন্যান্য বৈশিষ্ট্য অনুযায়ী আপনি বিভিন্ন প্রোগ্রাম খুঁজে নিতে পারেন! পছন্দের প্রোগ্রামগুলো সেভ করতে, আপনার আবেদনপত্রে যোগ করতে, এবং আবেদন করতে লগ ইন করুন। প্রশ্ন আছে বা সহায়তা প্রয়োজন?

- আমাদেরকে [ESEnrollment@schools.nyc.gov](mailto:ESEnrollment@schools.nyc.gov) ঠিকানায় ইমেইল করুন।
- আমাদের 718-935-2009 নম্বরে ফোন করুন।
- একটি [ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের](#) সাথে যোগাযোগ বা সাক্ষাৎ করুন।

শুভেচ্ছান্তে,

3-K অ্যাডমিশনস্ টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

**এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন?** [schools.nyc.gov/SignUp](http://schools.nyc.gov/SignUp) ওয়েবসাইটে আমাদের 3-K-তে ভর্তি হতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নাম লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না। আপনি যদি আমাদের যেকোনো অথবা সকল মেইলিং লিস্ট থেকে কোনো ইমেইল পেতে না চান, তবে অনুগ্রহ করে আনসাবসক্রাইব করতে [এখানে](#) ক্লিক করুন।